জান্নাতে প্রবেশের পর একমাত্র শহীদ ছাড়া আর কেউ দুনিয়ায় ফিরে আসার আকাঙ্খা করবে না, যদিও দুনিয়ার সকল জিনিস তাকে দেওয়া হয়। শহীদ দুনিয়ায় ফিরে আসার আকাঙ্খা করবে। শাহাদাতের মর্যাদা দেখে সে দশবার শহীদ হওয়ার আকাঙ্খা প্রকাশ করবে।

আনাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “জান্নাতে প্রবেশের পর একমাত্র শহীদ ছাড়া আর কেউ দুনিয়ায় ফিরে আসার আকাঙ্খা করবে না, যদিও দুনিয়ার সকল জিনিস তাকে দেওয়া হয়। শহীদ পুনরায় দুনিয়ায় ফিরে আসার আকাঙ্খা
করবে। শাহাদাতের মর্যাদা দেখতে পেয়ে সে আরো দশবার শহীদ হওয়ার কামনা করবে। অন্য বর্ণনায় এসেছে, “যেহেতু সে শহীদ হওয়ার ফযীলত দেখবে।” [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

জান্নাতে প্রবেশের পর তা পরিত্যাগ করে পুনরায় কেউ দুনিয়াতে ফিরে আসার আকাঙ্খা করবে না। যদিও দুনিয়ার সব গুপ্তধন, মূল্যবান জিনিসপত্র, সুউচ্চ দালান-কোঠা, বাগ-বাগিচা তাকে দেয়া হয়। তবে শহীদদের ব্যাপারটি ভিন্ন। সে দুনিয়াতে দশবার ফিরে আসার আকাঙ্খা করবে। যেন প্রত্যেকবার আল্লাহর পথে জিহাদ করে দশবার শহীদ হয় এবং দশবার শহীদদের মর্যাদা লাভ করতে পারে। কেননা শহীদরা যে সম্মান লাভ করবে সেটা সে দেখতে পাবে।

http://sunnah.global/hadeeth/bn/show/3864